

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১০৭৪

আগরতলা, ৬ জুন , ২০২৫

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

আজ (৬ জুন, ২০২৫) প্রতিবাদী কলম পত্রিকায় 'কোটির সরকারি এলইডি পথে গড়াচ্ছে' শিরোনামে প্রকাশিত সংবাদটি তথ্য ও সংস্কৃতি দপ্তরের নজরে এসেছে। এ সম্পর্কে তথ্য ও সংস্কৃতি দপ্তরের পক্ষ থেকে এক স্পষ্টিকরণে জানানো হয়েছে যে, রাজ্যের বিভিন্ন প্রান্তে দপ্তরের উদ্যোগে মোট ২১টি এলইডি স্ক্রিন লাগানো হয়েছে। এরমধ্যে আগরতলা ও তৎসংলগ্ন স্থানে ৬টি এলইডি স্ক্রিন যথাক্রমে এমবিবি এয়ারপোর্ট, সচিবালয়ের সম্মুখে, উজ্জয়ন্ত প্রাসাদের উত্তর গেইট, উজ্জয়ন্ত প্রাসাদের সম্মুখে, ড্রপ গেইট এবং আশ্রম চৌমুহনীতে লাগানো হয়। অতএব, প্রকাশিত সংবাদে পুলিশের সদর কার্যালয়ের প্রধান ফটকের উল্টোদিকের রাস্তায় যে এলইডি স্ক্রিনের উল্লেখ করা হয়েছে তা তথ্য ও সংস্কৃতি দপ্তরের সঙ্গে সম্পর্কিত নয়।

উল্লেখ্য, রাজ্যের বিভিন্ন স্থানে তথ্য ও সংস্কৃতি দপ্তর পরিচালিত এলইডিগুলিতে সুনির্দিষ্ট নিয়ম অনুযায়ী বিজ্ঞাপন প্রচার করা হয়। এই এলইডিগুলিতে প্রযুক্তিগত কোনও ত্রুটি দেখা দিলে তা নিযুক্ত এজেন্সির মাধ্যমে দ্রুত ত্রুটিমুক্ত করে সচল রাখতে দপ্তর নিয়মিত ভাবে উদ্যোগ গ্রহন করে চলছে।
